গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

তাগিদপত্র-২

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬- ১০

তারিখ: ২৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: প্রতিবন্ধীতা শনাক্তকরণের নিমিত্ত উপযুক্ত একজন চিকিৎসক (বিকল্পসহ) দায়িত্ব প্রদান ও শনাক্তকরণে উপস্থিতি প্রসঙ্গে।**

সূত্র-১: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৫-২২৭ তারিখ: ৩০/০৬/২০২৫ খ্রি.

সূত্র-২: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৫-৩৪০ তারিখ: ১৮/০৯/২০২৫ খ্রি.

সূত্র-৩: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৫-৪৫০ তারিখ: ৩০/১০/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩'** এর ৩১ (১) নং অনুচ্ছেদে নিবন্ধনের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে পরিচয় পত্র প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বা সরকারি হাসপাতালের দায়িত্বপ্রাপ্ত **চিকিৎসকের প্রত্যয়ন সাপেক্ষে** প্রকৃত প্রতিবন্ধী ব্যক্তিদের আবেদনের বিধান রয়েছে। অত্র উপজেলায় প্রতিবন্ধী ব্যক্তিকে সুবর্ণ নাগরিক কার্ড প্রদানের পূর্বে 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা ২০১৫' এর অনুচ্ছেদ-৪ মোতাবেক ফরম-৪ অনুসারে শুধুমাত্র চিকিৎসক কর্তৃক প্রত্যয়ন ও সংশ্লিষ্ট কমিটির সভাপতির অনুমোদনক্রমে শনাক্তকরন জরিপ সম্পন্ন করা হয় এবং (DIS) সফটওয়্যারে তথ্যাদি নিবন্ধনপূর্বক উপযুক্ত ব্যক্তির অনুকূলে সুবর্ণ নাগরিক পরিচয় পত্র ইস্যু করা হয়।

০২। স্বাস্থ্যসেবা বিভাগের বিগত ২২/০১/২০২০ খ্রি. তারিখের ১৬ সংখ্যক **'পরিপত্র'** মোতাবেক 'উপজেলায় সরকারি হাসপাতালসমূহে প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ধরণ শনাক্তকরণের জন্য উপযুক্ত একজন চিকিৎসককে (বিকল্পসহ) দায়িত্ব প্রদানের নির্দেশনা' অনুসারে সূত্রোস্থ-২ নং পত্রে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদরপুর, ফরিদপুরের একজন ডেডিকেটেড চিকিৎসককে দায়িত্ব প্রদান ও অপর একজন চিকিৎসককে বিকল্প দায়িত্ব প্রদানপূর্বক স্বাক্ষর সত্যায়নসহ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত করার অনুরোধ সত্ত্বেও অদ্যাবধি আপনার কার্যালয়ের কোন চিকিৎসককে প্রতিবন্ধিতা শনাক্তকরনের নিমিত্ত দায়িত্ব প্রদান ও স্বাক্ষর সত্যায়ন সংক্রান্ত পত্র উক্ত কার্যালয়গুলোকে প্রদান করা হয়নি।

০৩। 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি'র সূত্রোস্থ- ১ ও ৩ নং পত্রে (সভার কার্যবিবরণী) অত্র উপজেলায় প্রতিমাসের ১ম ও ৩য় মঙ্গলবার আপনার হাসপাতাল কর্তৃক মনোনীত চিকিৎসকের সমন্বয়ে গঠিত বোর্ডের মাধ্যমে প্রতিবন্ধীতার ধরন ও মাত্রা নিরূপণ; এবং সুবর্ণ নাগরিক হিসেবে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানপূর্ব যাচাই-বাছাইয়ের সিদ্ধান্ত থাকে। ফলে উক্ত দিনগুলোতে প্রতিবন্ধী ব্যক্তির ধরণ ও মাত্রা নির্ধারণে গঠিত বোর্ডে উপস্থিত হয়ে প্রতিবন্ধী নাগরিকদের নিবন্ধন পূর্ব শনাক্তকরণ কার্যক্রমে **স্বাস্থ্য সেবা বিভাগের পরিপত্র** মোতাবেক আপনার হাসপাতালের একজন উপযুক্ত চিকিৎসক (বিকল্পসহ) মনোনয়নপূর্বক তাঁদের স্বাক্ষর সত্যায়িত করে পত্র মারফত কমিটির **সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর** এবং উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত করার জন্য **দ্বিতীয় তাগিতপত্র** প্রেরণ করা হলো। এছাড়া উপর্যুক্ত চিকিৎসক মনোনয়ন সম্ভব না হলে সেটিও লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
**সদস্য-সচিব**
প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি

**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা**
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভবন
সদরপুর, ফরিদপুর।

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬- ১০

তারিখ: ২৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি:**

১। জেলা প্রশাসক, ফরিদপুর ও **সভাপতি** প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত জেলা কমিটি ফরিদপুর।

২। সিভিল সার্জন, ফরিদপুর।

৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও **সদস্য-সচিব** প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত জেলা কমিটি ফরিদপুর।

৪। উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর ও **সভাপতি** প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি সদরপুর।

৫। অফিস কপি।

১১/০১/২০২৬

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

**অনতিবিলম্বে**

**নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৫-** ৩৪০

তারিখ: **০৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ**
**১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ**

**বিষয়: প্রতিবন্ধীতা শনাক্তকরণের নিমিত্ত উপযুক্ত একজন চিকিৎসক (বিকল্পসহ) দায়িত্ব প্রদান ও শনাক্তকরণে উপস্থিতি প্রসঙ্গে।**

সূত্র-১: ৪৫.০০.০০০০.১৬৬.৩৫.০০২.২০১৯-১৬ তারিখ: ২২/০১/২০২০ খ্রি.

সূত্র-২: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৫-২২৭ তারিখ: ৩০/০৬/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩' এর ৩১ (১) নং অনুচ্ছেদে নিবন্ধনের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে পরিচয় পত্র প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বা সরকারি হাসপাতালের দায়িত্বপ্রাপ্ত **চিকিৎসকের প্রত্যয়ন সাপেক্ষে** প্রকৃত প্রতিবন্ধী ব্যক্তিদের আবেদনের বিধান রয়েছে। অত্র উপজেলায় প্রতিবন্ধী ব্যক্তিকে সুবর্ণ নাগরিক কার্ড প্রদানের পূর্বে 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা ২০১৫' এর অনুচ্ছেদ-৪ মোতাবেক ফরম-৪ অনুসারে শুধুমাত্র চিকিৎসক কর্তৃক প্রত্যয়ন ও সংশ্লিষ্ট কমিটির সভাপতির অনুমোদনক্রমে শনাক্তকরন জরিপ সম্পন্ন করা হয় এবং (DIS) সফটওয়্যারে তথ্যাদি নিবন্ধনপূর্বক উপযুক্ত ব্যক্তির অনুকূলে সুবর্ণ নাগরিক পরিচয় পত্র ইস্যু করা হয়।

০২। স্বাস্থ্যসেবা বিভাগের সূত্রোস্থ-১ নং **'পরিপত্র'** মোতাবেক 'উপজেলায় সরকারি হাসপাতালসমূহে প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ধরণ শনাক্তকরণের জন্য উপযুক্ত একজন চিকিৎসককে (বিকল্পসহ) দায়িত্ব প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনার নির্দেশনা রয়েছে-

**ক) ইতঃপূর্বে প্রতিবন্ধিতা ও অটিজম বিষয়ে প্রশিক্ষণ গ্রহণকারী চিকিৎসককে দায়িত্ব দিতে হবে;**
**খ) প্রশিক্ষণ গ্রহণকারী চিকিৎসক না থাকলে চিকিৎসক পদায়নপূর্বক প্রশিক্ষণ প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;**
**গ) দায়িত্বপ্রাপ্ত চিকিৎসকদের তালিকা (মোবাইল নম্বরসহ) উপজেলা সমাজসেবা অফিসকে অবহিত করতে হবে;**
**ঘ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শিশু বিশেষজ্ঞ কর্মরত থাকলে দায়িত্ব প্রদানের ক্ষেত্রে তাঁকে অগ্রাধিকার দিতে হবে;**

০৩। 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি'র সূত্রোস্থ-২ নং পত্রে অত্র উপজেলায় প্রতিমাসের ১ম ও ৩য় মঙ্গলবার উপজেলা সমাজসেবা কার্যালয়ে, হাসপাতাল কর্তৃক নির্ধারিত চিকিৎসকের সমন্বয়ে গঠিত বোর্ডের মাধ্যমে প্রতিবন্ধীতার ধরন ও মাত্রা নিরূপণ; এবং সুবর্ণ নাগরিক হিসেবে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের সিদ্ধান্ত থাকে। ফলে উক্ত দিনগুলোতে প্রতিবন্ধী ব্যক্তির ধরণ ও মাত্রা নির্ধারণে গঠিত বোর্ডে উপস্থিত হয়ে সুবর্ণ নাগরিকদের নিবন্ধন পূর্ব শনাক্তকরণ কার্যক্রমে বিধিমোতাবেক আপনার হাসপাতালের একজন উপযুক্ত চিকিৎসক মনোনয়নপূর্বক অত্র কার্যালয়কে পত্র মারফত অবহিতসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৮/৯/২৫

**জাকিয়া সুলতানা**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি
E-mail: uno.sadarpur@mopa.gov.bd

**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা**
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভবন
সদরপুর, ফরিদপুর।

**নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৫-** ৩৪০

তারিখ: **০৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ**
**১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ**

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, ও **সভাপতি** প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত জেলা কমিটি ফরিদপুর।
২। সিভিল সার্জন, ফরিদপুর।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও **সদস্য-সচিব** প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত জেলা কমিটি ফরিদপুর।
৪। অফিস কপি।

১৮/০৯/২০২৫

**কাজী শামীম আহমেদ**
উপজেলা সমাজসেবা অফিসার
ও
**সদস্য-সচিব**
প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
অটিজম ও স্নায়ু-বিকাশজনিত সমস্যা বিষয়ক সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নথি নং-৪৫.০০.০০০০.১৬৬.৩৫.০০২.২০১৯-১৬

তারিখঃ ২২ জানুয়ারি ২০২০ খ্রিঃ / ০৮ মাঘ, ১৪২৬ বঃ

## পরিপত্র

**বিষয়ঃ প্রতিবন্ধীদের কল্যাণ ও স্বার্থ সুরক্ষার নিমিত্ত সকল উপজেলা/জেলা/সরকারি হাসপাতালসমূহে প্রতিবন্ধীদের সনাক্তকরণ।**

"প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩" এর ধারা ৩১(৫)-এর উপধারা-১ অনুযায়ী উপজেলা/জেলায় সরকারি হাসপাতালসমূহে প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ধরণ সনাক্ত করণের জন্য উপযুক্ত একজন চিকিৎসক-কে (বিকল্পসহ) দায়িত্ব প্রদান করতে হবে। দায়িত্ব প্রদানকালে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় আনতে হবেঃ

(ক) ইতোপূর্বে প্রতিবন্ধিতা এবং অটিজম বিষয়ে প্রশিক্ষণ গ্রহণকারী ডাক্তারকে দায়িত্ব দিতে হবে;
(খ) প্রশিক্ষণ গ্রহণকারী ডাক্তার না থাকলে ডাক্তার পদায়নপূর্বক প্রশিক্ষণ প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(গ) দায়িত্বপ্রাপ্ত ডাক্তারদের তালিকা (মোবাইল নম্বরসহ) জেলা/উপজেলা সমাজসেবা অফিসকে অবহিত করতে হবে;
(ঘ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শিশু বিশেষজ্ঞ কর্মরত থাকলে দায়িত্ব প্রদানের ক্ষেত্রে তাকে অগ্রাধিকার দিতে হবে।

22/01/2020

মোঃ হুজুর আলী
উপ-প্রধান
ফোন: ৯৫৪০২৭৭
autismcellmohfw@gmail.com

বিতরণ (জ্যৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা
৪) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৮) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা।
৯) অতিরিক্ত সচিব (সকল),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০) যুগ্মসচিব/যুগ্ম প্রধান (সকল),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১) পরিচালক (সকল হাসপাতাল)......................
১২) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১৩) বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা),ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১৪) উপপরিচালক (পরিবার পরিকল্পনা), সকল জেলা
১৫) সিভিল সার্জন (সকল) জেলা
১৬) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
১৭) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে :**

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যলয়
সদরপুর, ফরিদপুর।
www.dss.sadarpur.faridpur.gov.bd

## প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা সমাজকল্যাণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : **জাকিয়া সুলতানা**
উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
সময় সকাল ১২.০০ ঘটিকা
সভা অনুষ্ঠানের তারিখ : ৩০/০৬/২০২৫ খ্রি.
উপস্থিতি পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ]

### সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। আলোচনা শুরু করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর ও সদস্য-সচিব উপজেলা সমাজকল্যাণ কমিটিকে অনুরোধ জানানো হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর জানান যে, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এঁর ২৩ ও ২৪ নং অনুচ্ছেদে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি গঠন ও তাঁর কার্যাবলি বর্ণিত রয়েছে এবং অত্র উপজেলায় সেটির আলোকে পুর্নাংগ কমিটি গঠিত হয়েছে। বিধি মোতাবেক নিয়মিত প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটির সভা অনুষ্ঠান ও কার্যবিবরণী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের আবশ্যিকতা রয়েছে। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ০৩ নং অনুচ্ছেদে প্রতিবন্ধীতার বিভিন্ন ধরণ ও ১৬ নং অনুচ্ছেদে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার বিবৃত রয়েছে। আইনে বর্ণিত এ সকল অধিকার সমূহ নিশ্চিতকল্পে সরকার নিরলস কাজ করছে। তারই অংশ হিসেবে অত্র উপজেলায় (ডি আই এস) সফটওয়্যারে অদ্যাবধি ৫৩২৩ জন প্রতিবন্ধী ব্যক্তিকে সুবর্ণ নাগরিক কার্ড প্রদান করা হয়েছে। এছাড়া অত্র উপজেলায় ৪৫৭১ জন ব্যক্তি প্রতিবন্ধী ভাতা ও ১৭ জন শিক্ষার্থী প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি পেয়ে আসছে। আইনের তফসিলে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত বিধানাবলীতে তাঁদের বিভিন্ন নাগরিক অধিকার নিশ্চিত করবার বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত ও পরামর্শ গ্রহণে উন্মুক্ত আলোচনা হয়। | প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর তফসিলে বর্ণিত অধিকার সমূহ নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা গ্রহণে সভায় আলোচনা হয় এবং সরকারি বিধানমতে সুবর্ণ পরিচয়পত্র ধারী সকলকে ভাতা কার্যক্রমের আওতায় নিয়ে আসতে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের সম্পৃক্ত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা ২০১৫ এর ০৪ নং অনুচ্ছেদে প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের বিধান রয়েছে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট চিকিৎসকের প্রত্যয়ন সাপেক্ষে নিয়মিত জরিপ কার্যক্রম ও সুবর্ণ পরিচয় পত্র প্রদান করা হচ্ছে। তিনি আরও বলেন প্রতিদিন অসংখ্য মানুষ সুবর্ণ পরিচয় ও জরিপের জন্য উপজেলায় আসেন; বিক্ষিপ্তভাবে অভ্যাগত ব্যক্তিদের চিকিৎসকের মাধ্যমে শনাক্তকরণ ও ইউনিয়ন সমাজকর্মীদের মাধ্যমে জরিপ ফরম পূরণ অত্যন্ত সময় সাপেক্ষ এছাড়া অনুমোদিত ১৪ জন কর্মচারীর স্থলে বর্তমানে মাত্র ০৬ জন কর্মচারী কর্মরত রয়েছেন। ডাটা এন্ট্রি অপারেটরের কোন সৃজিত পদ না থাকা এবং অন্যান্য পদ শূন্য থাকায় যথাসময়ে ডাটা এন্ট্রি ও সুবর্ণ পরিচয় পত্র সরবরাহ দুরুহ হয়ে পড়েছে। তিনি সভায় প্রতি মাসের ১ম মঙ্গলবার জরিপ কার্যক্রম পরিচালনা ও ৩য় মঙ্গলবার প্রিন্টেড সুবর্ণ পরিচয় পত্র সরবরাহের জন্য সময় নির্ধারণের প্রস্তাব অনুমোদন থাকায় বর্তমানে মাসের প্রথম মঙ্গলবার জরিপ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী প্রতিবন্ধীতার | প্রতিমাসের ১ম মঙ্গলবার উপজেলা সমাজসেবা কার্যালয়ে জরিপ কার্যক্রম পরিচালনা ও দায়িত্বপ্রাপ্ত চিকিৎসকের সশরীরে উপস্থিত হয়ে (সদরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নির্ধারিত/ ডেডিকেটেড ডিউটি চিকিৎসক) সমন্বয়ে গঠিত বোর্ডের মাধ্যমে প্রতিবন্ধীতার ধরণ ও মাত্রা নিরুপনের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের নিবন্ধন (ডি আই এস ডাটা এন্ট্রি) সাপেক্ষে প্রতি মাসের তৃতীয় মঙ্গলবারে আবেদনকারী ব্যক্তিবর্গের মধ্যকার সরেজমিন যাচাইয়ে **পরিশিষ্ট-খ** তালিকা অনুসারে ৪৪ (চুয়াল্লিশ) জন ব্যক্তির আবেদনের বিপরীতে সুবর্ণ পরিচয় পত্র বিতরণের | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদরপুর।<br><br>০২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ধরণ ও মাত্রা নিরুপণে একাধিক চিকিৎসকের সমন্বয়ে গঠিত মেডিকেল বোর্ডকে উপজেলা সমাজসেবা কার্যালয়ে উপস্থিত ব্যক্তিদের শনাক্তকরণের মাধ্যমে সুবর্ণ পরিচয় পত্র প্রদান করা হয়। এছাড়া আবেদনকারী ব্যক্তিবর্গের মধ্যকার সরেজমিন যাচাইয়ে পরিশিষ্ট-খ তালিকা অনুসারে সুবর্ণ পরিচয় পত্র বিতরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উক্ত তালিকা অনুসারে সুবর্ণ পরিচয় পত্র প্রদানে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৩ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এবং বিধিমালা ২০১৫ অনুযায়ী প্রতিবন্ধী ব্যক্তিদের জরিপ সম্পন্ন ও চিকিৎসকের প্রত্যয়ন সাপেক্ষে ডি আই এস সার্ভারে ডাটা এন্ট্রি সাপেক্ষে সুবর্ণ নাগরিক কার্ড প্রদানের নির্দেশনা রয়েছে। তথাপি উক্ত সুবর্ণ নাগরিক পরিচয় পত্র পেতে বিধিমালা-১৫ এর অনুচ্ছেদ-৪ এ বর্ণিত বিধানমতে প্রতিবন্ধী ব্যক্তি নিজে অথবা তাঁর পক্ষে পরিবারের সদস্যদের ফরম-৪ পূরণ করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি বরাবর আবেদনের বিষয় উল্লেখ রয়েছে। অত্র উপজেলায় অনেক প্রতিবন্ধী ব্যক্তি/পরিবারের সদস্য সরাসরি চিকিৎসকের স্বাক্ষর গ্রহণপূর্বক কার্ডের জন্য আবেদন করেন, দৃশ্যমান কোন ক্ষেত্রে প্রতিবন্ধী শনাক্ত করা গেলে সেটি সরাসরি নিষ্পত্তি করা সম্ভব হলেও অনেকক্ষেত্রে প্রতিবন্ধীতার যেসব ধরণ সরাসরি দৃশ্যমান নয় সেগুলোর সপক্ষে প্রমাণক প্রয়োজন পড়ে বিধায় সেগুলো যথাযথ ডকুমেন্টস ছাড়া নিষ্পত্তি সম্ভব হয়না। এক্ষেত্রে আবেদনকারীগণ সংক্ষুব্ধ হোন কখনো কখনো সংশ্লিষ্ট জরিপকারীকে বিড়াম্বনায়ও পড়তে হয়; এসব পরিস্থিতি হতে উত্তোরণের নিমিত্ত ফরম-৪ পুরুণ ও চিকিৎসকের প্রত্যয়ন সাপেক্ষে সভাপতি বরাবর আবেদন দাখিল ও উক্ত আবেদনে সভাপতি তথা উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্ত গ্রহণ জরুরী প্রতীয়মান হওয়ায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হওয়া আবশ্যক। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | খোলাচোখে দৃশ্যমাণ ক্যাটাগরির যেসব প্রতিবন্ধী শনাক্তকরণ সম্ভব সেসব প্রতিবন্ধী ব্যক্তিদের মাসের ১ম মঙ্গলবারে সদরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নির্ধারিত চিকিৎসকের উপস্থিতিতে জরিপ সম্পন্নকরণ এবং যেসব ক্যাটাগরি মাত্রা ও ধরণ নিরুপণে প্রয়োজনীয় প্রমাণক, চিকিৎসা বা মেডিকেল টেস্ট রিপোর্ট সহকারে বিধিমালা-২০১৫ এর তফসিলে বর্ণিত ফরম-৪ এর নির্ধারিত তথ্যাদি পূরুন সাপেক্ষে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদরপুরের নির্ধারিত চিকিৎসকের প্রত্যয়ন গ্রহণ সাপেক্ষে কমিটির সভাপতি তথা উপজেলা নির্বাহী অফিসার বরাবর সুবর্ণ পরিচয় পত্র প্রদানের সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত আবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। নামঞ্জুরকৃত আবেদনকারীদের বিধিমোতাবেক চিঠি দ্বারা বিষয়টি অবহিত করার সিদ্ধান্ত বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার<br><br>০২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদরপুর, ফরিদপুর<br><br>০৩। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর। |
| ০৪ | প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ০৩ নং অনুচ্ছেদে প্রতিবন্ধীতার বিভিন্ন ধরণ ও ১৬ নং অনুচ্ছেদে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার বিবৃত তন্মধ্যে প্রতিবন্ধী ব্যক্তির প্রতি বৈষম্য বিলোপ; প্রতিবন্ধী ব্যক্তির আইনি সহায়তা; প্রতিবন্ধী ব্যক্তির প্রতি নির্যাতন প্রতিরোধ; প্রতিবন্ধী ব্যক্তির সম্পত্তির উত্তোরাধিকার; দুর্যোগকালীন সহায়তা; কর্মসংস্থান সৃষ্টি ইত্যাদি বিষয় উল্লেখ রয়েছে। সভায় সুবর্ণ নাগরিকদের আইনি সকল অধিকার নিশ্চিতকরণ ও সুরক্ষা প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রতিবন্ধী ব্যক্তিদের তথা সুবর্ণ নাগরিকদের অধিকার সংক্রান্ত সকল বিষয়ে আইনি সুরক্ষা ও যথাযথ মর্যদা সমুন্নত রাখতে প্রয়োজনীয় সকল ব্যবস্থাগ্রহণে সর্বসম্মতিক্রমে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। সংশ্লিষ্ট সকল |
| ০৫ | প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে জরিপকরণ ও সুবর্ণ পরিচয় প্রাপ্তির আবেদনকারী যেসব ব্যক্তিদের আবেদন সংশ্লিষ্ট কমিটির নিকট নামঞ্জুর হবে তাঁদেরকে বিধি মোতাবেক লিখিত পত্র দ্বারা জানিয়ে দেওয়া আবশ্যক বিবেচনায় তাঁদের জরিপফরম (যে আবেদনগুলো অগ্রাহ্য/বাতিল/নামঞ্জুর) অফিসে নথিজাত করে তাঁদের (আবেদনকারীকে) জানিয়ে দেওয়ার বিষয়ে সভায় আলোচনায় হয়। | আবেদনকারী ব্যক্তির সুবর্ণ নাগরিক পরিচয় পত্র প্রদানে কমিটির নিকট যেসব আবেদন নামঞ্জুর করা হবে তাঁদের তালিকা **পরিশিষ্ট-গ** ০৪ (চার) জন ব্যক্তির আবেদন অননুমোদিত হয় বিধায় নীতিমালা অনুসারে সংশ্লিষ্ট আবেদনকারীকে চিঠির মাধ্যমে জানিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়; | ০১। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর। |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/৬/২৫

**(জাকিয়া সুলতানা)**
উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর ফরিদপুর।
ও
সভাপতি

CamScanner

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমাজসেবা কার্যালয়**
**সদরপুর, ফরিদপুর**
**www.dss.sadarpur.faridpur.gov.bd**

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২৫- ২২৭

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদ পুর, ঢাকা।
২। জেলা প্রশাসক, ফরিদপুর।
৩। সিভিল সার্জন, ফরিদপুর।
৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর। **[তাঁকে প্রতিমাসের ১ম মঙ্গলবার জরিপ কার্যক্রমে তাঁর অধিক্ষেত্রে ‘প্রতিবন্ধীতার ধরণ ও মাত্রা’ নিরূপণে একাধিক চিকিৎসক মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো।]**
৭। চেয়ারম্যান.....................ইউনিয়ন পরিষদ (সকল)। [তাঁকে প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও সুবর্ণ নাগরিক পরিচয় পত্র প্রদানের লক্ষ্যে মাসের ১ম মঙ্গলবার জরিপকার্যক্রম ও তৃতীয় মঙ্গলবার সুবর্ণ পরিচয় পত্র প্রদান বিষয়ে সংশ্লিষ্ট ইউপি সদস্য ও সর্বসাধারণকে সম্যক অবহিতকরণে উদ্যোগ গ্রহণে অনুরোধ করা হলো।]
৮। জনাব/জনাবা..........................................সদরপুর, ফরিদপুর।
৯। সহকারী সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, সদরপুর, ফরিদপুর। [তাঁকে নামঞ্জুরকৃত আবেদনকারী ব্যক্তিদের পরিশিষ্ট-গ তালিকা অনুসারে আবেদন খারিজের বিষয়ে পত্র প্রেরণের পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো]
১০। ইউনিয়ন সমাজকর্মী (সকল) উপজেলা সমাজসেবা কার্যালয়, সদরপুর, ফরিদপুর [তাঁকে কেবল নির্দিষ্ট তারিখে জরিপ সম্পন্নের জন্য নির্দেশনা প্রদান করা হলো; উপজেলা কমিটি’র অনুমোদিত পরিশিষ্ট-খ তালিকা অনুসারে ডাটা এন্ট্রি সম্পন্নের নির্দেশনা প্রদান করা হলো।]
১১। অফিস কপি।

৩০/০৬/২০২৫

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১
E-mail: usso.sadarpur@dss.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যলয়
সদরপুর, ফরিদপুর।
www.dss.sadarpur.faridpur.gov.bd

## প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জাকিয়া সুলতানা<br>উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সময় | সকাল ০১.০০ ঘটিকা |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ৩০/১০/২০২৫ খ্রি. |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ] |

**সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ**

**আলোচ্যসূচি:**

- ✓ সুবর্ণ নাগরিক কার্ড প্রাপ্তির আবেদন যাচাই-বাছাই;
- ✓ প্রতিবন্ধিতা শনাক্তকরণে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদরপুরে সার্বক্ষণিক ডেডিকেটেড চিকিৎসক মনোনয়ন;
- ✓ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদরপুরে প্রতিবন্ধিতা শনাক্তকরণের নিমিত্ত কক্ষ বরাদ্দ;
- ✓ বিবিধ;

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। আলোচনা শুরু করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর ও সদস্য-সচিবকে অনুরোধ জানানো হয়। অতঃপর তিনি আলোচ্য সূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর জানান যে, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এঁর ২৩ ও ২৪ নং অনুচ্ছেদে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি গঠন ও তাঁর কার্যাবলি বর্ণিত রয়েছে এবং অত্র উপজেলায় সেটির আলোকে পুর্নাংগ কমিটি গঠিত হয়েছে। বিধি মোতাবেক নিয়মিত প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটির সভা অনুষ্ঠান ও কার্যবিবরণী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের আবশ্যিকতা রয়েছে। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ০৩ নং অনুচ্ছেদে প্রতিবন্ধীতার বিভিন্ন ধরণ ও ১৬ নং অনুচ্ছেদে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার বিবৃত রয়েছে। আইনে বর্ণিত এ সকল অধিকার সমূহ নিশ্চিতকল্পে সরকার নিরলস কাজ করছে। এছাড়া উক্ত আইনের ২৫ (চ) অনুচ্ছেদে কমিটি কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের বিধান রয়েছে। আইনের ৩১ নং অনুচ্ছেদে সুবর্ণ নাগরিক বা প্রতিবন্ধী হিসেবে নিবন্ধন ও পরিচয়পত্র প্রাপ্তির বিধানাবলী বিবৃত রয়েছে। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা ২০১৫'র অনুচ্ছেদ-৪ অনুসারে অত্র উপজেলায় প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে নিবন্ধন ও পরিচয়পত্র প্রাপ্তির লক্ষ্যে তফসিলে যুক্ত ফরম-৪ অনুসারে প্রথমে আবেদন গ্রহণ করা হয়। উক্ত ফরমে সংশ্লিষ্ট চিকিৎসকের প্রত্যয়ন বা প্রতিবন্ধিতার ধরণ ও মাত্রা নিরূপণ সাপেক্ষে কমিটির সভাপতি কর্তৃক নিবন্ধনের নিমিত্ত সিদ্ধান্ত প্রদান করা হয়ে থাকে। উক্ত সিদ্ধান্তের ভিত্তিতে কেবলমাত্র নিবন্ধনের জন্য মনোনীত ব্যক্তিদের জরিপ সম্পন্ন করা হয় ও বিধি মোতাবেক সুবর্ণ পরিচয়পত্র প্রদান করা হয়। | প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা ২০১৫' এর অনুচ্ছেদ-৪ অনুসারে প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে নিবন্ধন ও পরিচয়পত্র প্রাপ্তির লক্ষ্যে তফসিলে যুক্ত ফরম-৪ মোতাবেক প্রথমে আবেদন গ্রহণ, চিকিৎসক কর্তৃক প্রত্যয়ন সাপেক্ষে সভাপতি কর্তৃক জরিপের জন্য সদস্য-সচিব বা উপজেলা সমাজসেবা অফিসার বরাবর উক্ত আবেদন অগ্রায়ণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা ২০১৫ এর ০৪ নং অনুচ্ছেদে প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের বিধান থাকায় সংশ্লিষ্ট চিকিৎসকের প্রত্যয়ন সাপেক্ষে নিয়মিত জরিপ কার্যক্রম ও সুবর্ণ পরিচয় পত্র প্রদান করা হচ্ছে। তিনি আরও বলেন প্রতিদিন অসংখ্য মানুষ সুবর্ণ পরিচয় ও জরিপের জন্য উপজেলায় আসেন; বিক্ষিপ্তভাবে অভ্যাগত ব্যক্তিদের চিকিৎসকের মাধ্যমে শনাক্তকরণ ও ইউনিয়ন সমাজকর্মীদের মাধ্যমে জরিপ ফরম পূরণ অত্যন্ত | সদরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নির্ধারিত চিকিৎসক সমন্বয়ে গঠিত বোর্ডের মাধ্যমে প্রতিবন্ধীতার ধরণ ও মাত্রা নিরুপনের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের নিবন্ধন (DIS) ডাটা এন্ট্রি) সাপেক্ষে আবেদনকারী ব্যক্তিবর্গের মধ্যকার সরেজমিন যাচাইয়ে **পরিশিষ্ট-খ** তালিকা | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদরপুর।<br><br>০২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সময় সাপেক্ষ এছাড়া অনুমোদিত ১৪ জন কর্মচারীর স্থলে বর্তমানে মাত্র ০৪ জন কর্মচারী কর্মরত রয়েছেন। ডাটা এন্ট্রি অপারেটরের কোন সৃজিত পদ না থাকা এবং অন্যান্য পদ শূন্য থাকায় যথাসময়ে ডাটা এন্ট্রি ও সুবর্ণ পরিচয় পত্র সরবরাহ দুরুহ হয়ে পড়েছে। বিগত সভায় প্রতি মাসের ১ম মঙ্গলবার জরিপ কার্যক্রম পরিচালনা ও ৩য় মঙ্গলবার প্রিন্টেড সুবর্ণ পরিচয় পত্র সরবরাহের জন্য সময় নির্ধারিত থাকে। নীতিমালা অনুযায়ী প্রতিবন্ধীতার ধরণ ও মাত্রা নিরুপণে একাধিক চিকিৎসকের সমন্বয়ে গঠিত মেডিকেল বোর্ড কর্তৃক উপস্থিত ব্যক্তিদের শনাক্তকরণের মাধ্যমে সভাপতি অনুমোদিত ব্যক্তিদের সফটওয়্যারে ডাটা এন্ট্রি (নিবন্ধন) পূর্বক সুবর্ণ পরিচয় পত্র প্রদান করা হয়। বর্তমানে উক্ত প্রক্রিয়া অনুসরণ পূর্বক ২৩০ জনের আবেদন রয়েছে। যাচাই-বাছাই সাপেক্ষে অনুমোদিত ব্যক্তিদের অনুকূলে সুবর্ণ নাগরিক কার্ড প্রদানের নিমিত্ত অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা হয়। | অনুসারে ২০২ (দুইশত দুই) জন ব্যক্তির আবেদনের বিপরীতে সুবর্ণ পরিচয় পত্র বিতরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উক্ত তালিকা অনুসারে সুবর্ণ পরিচয় পত্র প্রদানে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। অনলাইনে ভাতার আবেদন চলমান থাকায় ইতোমধ্যে যেসব আবেদনের বিপরীতে সুবর্ণ নাগরিক কার্ড ইস্যু করা হয়েছে সেগুলোও সভায় ভূতাপেক্ষভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৩ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, সুবর্ণ নাগরিক পরিচয় পত্র পেতে বিধিমালা-২০১৫ এর অনুচ্ছেদ-৪ এ বর্ণিত বিধানমতে প্রতিবন্ধী ব্যক্তি নিজে অথবা তাঁর পক্ষে পরিবারের সদস্যদের ফরম-৪ পূরণ করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি বরাবর আবেদনের বিষয় উল্লেখ রয়েছে। অত্র উপজেলায় অনেক প্রতিবন্ধী ব্যক্তি/পরিবারের সদস্য সরাসরি চিকিৎসকের স্বাক্ষর গ্রহণপূর্বক কার্ডের জন্য আবেদন করেন, দৃশ্যমান ক্ষেত্রে প্রতিবন্ধী শনাক্ত করা গেলে সেটি সরাসরি নিষ্পত্তি করা সম্ভব হলেও অনেকক্ষেত্রে প্রতিবন্ধিতার যেসব ধরণ সরাসরি দৃশ্যমান নয় সেগুলোর সপক্ষে প্রমাণক প্রয়োজন পড়ে বিধায় সেগুলো যথাযথ ডকুমেন্টস ছাড়া নিষ্পত্তি সম্ভব হয়না। এক্ষেত্রে আবেদনকারীগণ সংক্ষুব্ধ হোন কখনো কখনো সংশ্লিষ্ট জরিপকারীকে বিড়ম্বনায়ও পড়তে হয়; এসব পরিস্থিতি হতে উত্তরণের নিমিত্ত ফরম-৪ পুরুণ ও চিকিৎসকের প্রত্যয়ন সাপেক্ষে সভাপতি বরাবর আবেদন দাখিল ও উক্ত আবেদনে সভাপতি তথা উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্ত গ্রহণ জরুরী প্রতীয়মান হওয়ায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হওয়া আবশ্যক। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রতিবন্ধিতার ক্যাটাগরি ও মাত্রা নিরুপণে প্রয়োজনীয় প্রমাণক, চিকিৎসা বা মেডিকেল টেস্ট রিপোর্ট সহকারে বিধিমালা-২০১৫ এর তফসিলে বর্ণিত ফরম-৪ এর নির্ধারিত তথ্যাদি পুরুন সাপেক্ষে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদরপুরের নির্ধারিত চিকিৎসকের প্রত্যয়ন গ্রহণ সাপেক্ষে কমিটির সভাপতি তথা উপজেলা নির্বাহী অফিসার বরাবর সুবর্ণ পরিচয় পত্র প্রদানের সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত আবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার<br><br>০২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদরপুর, ফরিদপুর<br><br>০৩। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর। |
| ০৪ | প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ১৬ নং অনুচ্ছেদে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার বিবৃত তন্মধ্যে প্রতিবন্ধী ব্যক্তির প্রতি বৈষম্য বিলোপ; প্রতিবন্ধী ব্যক্তির আইনি সহায়তা; প্রতিবন্ধী ব্যক্তির প্রতি নির্যাতন প্রতিরোধ; প্রতিবন্ধী ব্যক্তির সম্পত্তির উত্তোরাধিকার; দুর্যোগকালীন সহায়তা; কর্মসংস্থান সৃষ্টি ইত্যাদি বিষয় উল্লেখ রয়েছে। সভায় সুবর্ণ নাগরিকদের আইনি সকল অধিকার নিশ্চিতকরণ ও সুরক্ষা প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রতিবন্ধী ব্যক্তিদের তথা সুবর্ণ নাগরিকদের অধিকার সংক্রান্ত সকল বিষয়ে আইনি সুরক্ষা ও যথাযথ মর্যাদা সমুন্নত রাখতে প্রয়োজনীয় সকল ব্যবস্থাগ্রহণে সর্বসম্মতিক্রমে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। সংশ্লিষ্ট সকল |
| ০৫ | প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে সুবর্ণ পরিচয় প্রাপ্তির আবেদনকারী যেসব ব্যক্তিদের আবেদন সংশ্লিষ্ট কমিটির নিকট নামঞ্জুর হবে তাঁদেরকে বিধি মোতাবেক লিখিত পত্র দ্বারা জানিয়ে দেওয়া আবশ্যক বিবেচনায় তাঁদের জরিপফরম (যে আবেদনগুলো অগ্রাহ্য/বাতিল/নামঞ্জুর) অফিসে নথিজাত করে তাঁদের (আবেদনকারীকে) জানিয়ে দেওয়ার বিষয়ে সভায় আলোচনায় হয়। | আবেদনকারী ব্যক্তিদের মধ্যে অনিবার্যকারণে যেসব ব্যক্তির আবেদন কমিটি কর্তৃক নামঞ্জুর করা হয়েছে তাঁদের তালিকা **পরিশিষ্ট-গ** ৩০ (ত্রিশ) জনের নাম অ-অনুমোদিত থাকে। নামঞ্জুরকৃত আবেদনকারীদের বিধিমোতাবেক চিঠি দ্বারা অবহিত করার সিদ্ধান্ত বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। | ০১। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর। |
| ০৬ | সদস্য-সচিব সভায় জানান যে প্রতিবন্ধিতা শনাক্তকরনে কমিটির সভাপতি কর্তৃক স্মারক: ৩৪০ তারিখ: ১৮/০৯/২০২৫ খ্রি. মোতাবেক উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | স্বাস্থ্য সেবা বিভাগের নম্বর: ১৬ তারিখ: ২২/০১/২০২০ খ্রি. সংখ্যক 'পরিপত্র' অনুসারে অত্র | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | কর্মকর্তাকে 'প্রতিবন্ধিতা শনাক্তকরণের নিমিত্ত উপযুক্ত একজন চিকিৎসক (বিকল্পসহ) দায়িত্ব প্রদান ও শনাক্তকরণে উপস্থিতির নিমিত্ত' পত্র প্রেরণ করা হয়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের শিশু বিশেষজ্ঞ বা প্রতিবন্ধিতা শনাক্তকরনে প্রশিক্ষণ প্রাপ্ত বা প্রশিক্ষণ না থাকলে প্রশিক্ষণের ব্যবস্থাগ্রহণ সহ 'স্বাস্থ্য সেবা বিভাগে'র নম্বর: ১৬ তারিখ: ২২/০১/২০২০ খ্রি. সংখ্যক 'পরিপত্র' অনুসারে অত্র উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সের একজন ডেডিকেটেড চিকিৎসককে দায়িত্ব প্রদান ও একজন চিকিৎসককে বিকল্প দায়িত্ব প্রদানপূর্বক স্বাক্ষর সত্যায়নসহ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়কে অবহিত করার অনুরোধ সত্ত্বেও অদ্যাবধি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কোন চিকিৎসককে প্রতিবন্ধিতা শনাক্তকরনের নিমিত্ত দায়িত্ব প্রদানপূর্বক কার্যালয়গুলোকে অবহিত করেন নি। বর্তমানে ২০২৫-২৬ অর্থবছরে প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ চলমান রয়েছে। আগামী ০৬ নভেম্বর উক্ত আবেদন গ্রহণের অনলাইন সার্ভার সচল থাকবে ফলে নির্ধারিত সময়ে সুবর্ণ নাগরিক কার্ড হাতে না পেলে বহু প্রতিবন্ধী নাগরিক চলতি অর্থবছরে ভাতার আবেদনের সুযোগ হতে বঞ্চিত হতে পারেন। তিনি সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনরায় প্রতিবন্ধিতা শনাক্তকরণে একজন ডেডিকেটেড চিকিৎসক ও একজন বিকল্প চিকিৎসককে দায়িত্ব প্রদানপূর্বক তাঁদের স্বাক্ষর সত্যায়নপূর্বক উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা কার্যালয়কে অবহিত করতে অনুরোধ করেন। | উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সের একজন চিকিৎসককে প্রতিবন্ধিতা শনাক্তকরণের দায়িত্ব প্রদান ও একজন চিকিৎসককে বিকল্প দায়িত্ব প্রদানপূর্বক স্বাক্ষর সত্যায়নসহ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়কে পত্র মারফত অবহিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনরায় তাগিদ এবং যথাপ্রয়োজন ব্যবস্থাগ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদরপুর, ফরিদপুর। |
| ০৭ | সভায় সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, দীর্ঘ দেড় মাস পূর্বে চিকিৎসক মনোনয়ের জন্য পত্র প্রদান করা হলেও সেটির ব্যবস্থা না নেওয়া দুঃখজনক। ফলে অত্র উপজেলার প্রতিবন্ধী নাগরিক হিসেবে সুবর্ণ পরিচয় পত্রের জন্য আবেদনকারীদের সেবাটি পেতে অসুবিধা হচ্ছে। এছাড়া চলতি অর্থবছরের ভাতা আবেদন করতে না পারলে তাঁরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারেন। ফলে তিনি অনতিবিলম্বে প্রতিবন্ধিতা শনাক্তকরনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবনে একটি কক্ষ বরাদ্দের প্রস্তাব করেন। তিনি সভায় বলেন স্বাস্থ্য কমপ্লেক্সের রোগী কল্যাণ সমিতির নির্ধারিত কক্ষে সংশ্লিষ্ট চিকিৎসক কর্তৃক শনাক্তকরণ সম্পন্ন করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদরপুর এ প্রতিবন্ধিতা শনাক্তকরণ ও রোগীকল্যাণ সমিতির ব্যবহারের জন্য একটি কক্ষ বরাদ্দের বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর |
| ০৮ | <u>সভায় বিবিধ আলোচনা</u><br>সদস্য-সচিব জানান যে, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ৩৭ (৫) অনুচ্ছেদে **'কোন ব্যক্তি অসত্য বা ভিত্তিহীন তথ্য প্রদানের মাধ্যমে প্রতিবন্ধী হিসেবে নিবন্ধিত হইলে বা পরিচয়পত্র গ্রহণ করিলে তা এই আইনের অধীনে অপরাধ হইবে এবং তিনি উক্ত অপরাধের জন্য অনধিক ০১ (এক) বছর কারাদন্ড বা অনধিক ১০ (দশ) হাজার টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হইবেন'** উক্ত আইনের ৩৭ (৬) অনুচ্ছেদে **'কোন ব্যক্তি জালিয়াতির মাধ্যমে পরিচয়পত্র তৈরি করিলে উহা এই আইনের অধীনে অপরাধ হইবে; তিনি উক্ত অপরাধের জন্য অনধিক ০৭ (সাত) বছরের কারাদন্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ডের দন্ডিত হইবেন'** মর্মে বিধান রয়েছে। অত্র উপজেলায় সাম্প্রতিক কিছু ঘটনায় প্রকৃতপক্ষে প্রতিবন্ধী নন কিন্তু বিভিন্ন ডায়গনষ্টিক সেন্টার বা বে-সরকারি বিভিন্ন হাসপাতাল হতে শ্রবণ প্রতিবন্ধিতা বা অদৃশ্যমাণ ক্যাটাগরির প্রতিবন্ধিতা রয়েছে মর্মে দাবীপূর্বক উক্ত রিপোর্ট সংযুক্ত করে জরিপের জন্য আসেন। | সভায় আইন ও বিধি অনুসারে প্রতিবন্ধী হিসেবে শনাক্তকরণ, মাত্রা ও ধরণ নিরূপনে চিকিৎসক কর্তৃক সঠিকভাবে প্রত্যয়ন নিশ্চিতের বিষয়ে এবং বিভিন্ন ডায়গনষ্টিক সেন্টার বা বে-সরকারি হাসপাতালের মেডিকেল রিপোর্টে উল্লিখিত বিশেষজ্ঞ চিকিৎসকের স্বাক্ষর নাম, BMDC নিবন্ধন নম্বর যাচাই সাপেক্ষে সংযুক্ত রিপোর্ট শতভাগ সঠিক কিনা সেটি নিশ্চিত হয়ে, (ধরন ও মাত্রা নিরূপন) প্রত্যয়ন ও প্রতিবন্ধিতা শনাক্তকরণে সংশ্লিষ্ট সকল চিকিৎসকগণ সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালন করেন কিনা সে বিষয়ে পুনরায় | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর |

| | | | |
|---|---|---|---|
| | অনেক ক্ষেত্রে উক্ত রিপোর্টে স্বাক্ষর থাকেনা, অনেক রিপোর্ট স্ক্যানকরে টেম্পারিং কিংবা সঠিক রিপোর্ট নয় মর্মে প্রতীয়মান হলেও 'অসাবধনতা বশত' চিকিৎসক কর্তৃক উক্ত রিপোর্ট আমলে নিয়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রতিবন্ধী হিসেবে শনাক্ত ও প্রত্যয়ন করা হচ্ছে যা গভীর উদ্বেগের বিষয়। প্রতিবন্ধিতার ধরণ ও মাত্রা নিরূপনে আইন অনুযায়ী কেবলমাত্র স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনায় মনোনীত চিকিৎসক কর্তৃক শনাক্তকরণের ক্ষমতা দেওয়া হয়েছে। ফলে চিকিৎসকের সঠিক প্রত্যয়ন নিশ্চিত করা না গেলে অনেক অ-প্রতিবন্ধী ব্যক্তিও সুবর্ণ নাগরিক হিসেবে অন্তর্ভূক্তির সুযোগ নিতে পারেন। ফলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক কর্তৃক সর্বোচ্চ সতর্কতার সহিত শনাক্তকরণ ও প্রত্যয়ন প্রদান আবশ্যক। সভায় উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট চিকিৎসকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের বিষয়ে অভিমত ব্যক্ত করেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক তদারকি ও মনিটরিং এর বিষয়ে গুরুত্বারোপ করা হয়। যেহেতু সংশ্লিষ্ট চিকিৎসক ব্যতীত মেডিকেল পরীক্ষা রিপোর্ট অন্য কারও পাঠোদ্ধার এবং সিদ্ধান্ত দেওয়ার সুযোগ নেই সেহেতু কেবলমাত্র চিকিৎসকের শনাক্তকরণই সুবর্ণ কার্ড প্রাপ্তির প্রধানতম শর্ত, বিধায় প্রতিবন্ধিতার ধরণ ও মাত্রা নিরূপনে চিকিৎসক কর্তৃক সর্বোচ্চ সতর্কতার সাথে অর্পিত দায়িত্ব পালনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয় | |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/১০/২৫

**(জাকিয়া সুলতানা)**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমাজসেবা কার্যালয়**
**সদরপুর, ফরিদপুর**
**www.dss.sadarpur.faridpur.gov.bd**

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২৫- 840

তারিখ: ১৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ৩০ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. পরিচালক (কার্যক্রম) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হমায়ূন রোড, মোহাম্মদ পুর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ফরিদপুর।
৪. সিভিল সার্জন, ফরিদপুর।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৬. উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর। **[তাঁকে জরিপ কার্যক্রমে তাঁর অধিক্ষেত্রে 'প্রতিবন্ধিতার ধরণ ও মাত্রা' নিরূপণে একাধিক চিকিৎসক মনোনয়ন পূর্বক স্বাক্ষর সত্যায়নসহ পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]**
৮. চেয়ারম্যান.....................ইউনিয়ন পরিষদ (সকল) সদরপুর, ফরিদপুর। [তাঁকে প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও সুবর্ণ নাগরিক পরিচয় পত্র প্রদানের লক্ষ্যে মাসের ১ম মঙ্গলবার জরিপকার্যক্রম ও তৃতীয় মঙ্গলবার সুবর্ণ পরিচয় পত্র প্রদান বিষয়ে সংশ্লিষ্ট ইউপি সদস্য ও সর্বসাধারণকে সম্যক অবহিতকরণে উদ্যোগ গ্রহণে অনুরোধ করা হলো।]
৯. জনাব.................. উপজেলা সমাজসেবা কার্যালয়, সদরপুর, ফরিদপুর। [তাঁকে নামঞ্জুরকৃত আবেদনকারী ব্যক্তিদের পরিশিষ্ট-গ তালিকা অনুসারে আবেদন খারিজের বিষয়ে পত্র প্রেরণের পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো]
১০. অফিস কপি।

30/10/2025

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১
E-mail: usso.sadarpur@dss.gov.bd

CamScanner